

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)


স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০০১.১৩-৯৬১,

তারিখ : ০৫/৭/২০১৭ খ্রি:

বিষয় : লক্ষ্যমাত্রার অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত।

যুব উন্নয়ন অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থবছরের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রস্তুত করা হয়েছে। প্রশিক্ষণ বর্ষপঞ্জিতে প্রদর্শিত “প্রশিক্ষণ সময়সূচি” অনুযায়ী ৬৪টি জেলা কার্যালয় সন্নিহিত বিভিন্ন অনাবাসিক প্রশিক্ষণ কেন্দ্র ও ৫৮টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শুরু করার লক্ষ্যে ভর্তি বিজ্ঞপ্তি জাতীয় দৈনিক পত্রিকায় ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। লক্ষ্য করা যায় যে, বেশীর ভাগ জেলা হতে কম্পিউটার, মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন কোর্সে এবং কিছু সংখ্যক আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র হতে অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তিপূর্বক ভূতাপেক্ষ অনুমোদন প্রত্যাশা করা হয়, যা অনাকাঙ্ক্ষিত। এ অবস্থা হতে উত্তরণ এবং প্রশিক্ষণের গুণগতমান বজায় রাখার স্বার্থে এখন হতে প্রতিটি জেলায়, আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রে এবং উপজেলায় নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ১) “কম্পিউটার বেসিক”, “কম্পিউটার গ্রাফিক্স” এবং “মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন” কোর্সে চলতি বছরে প্রদত্ত বর্ধিত কোটা যথাক্রমে ৬৮, ৫০ ও ৪০ এ সীমাবদ্ধ রাখতে হবে। জেলাস্থ অন্যান্য কোর্সে কোটার অতিরিক্ত সর্বাধিক ১৫% ভর্তি করা যাবে।
- ২) ৫৮টি আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্রে ০৩ মাস মেয়াদী “গবাদিপশু, হাঁস-মুরগি পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক” প্রশিক্ষণ এবং ০১ মাস মেয়াদী “কৃষি বিষয়ক সংক্ষিপ্ত প্রশিক্ষণ” কোর্সে বাৎসরিক লক্ষ্যমাত্রার মধ্যে সমন্বয় স্বাপেক্ষ কোন কোন কোর্সে অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তি করা যেতে পারে।
- ৩) উপজেলা কর্তৃক পরিচালিত অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সেও লক্ষ্যমাত্রার অতিরিক্ত সর্বাধিক ১৫% ভর্তি করা যেতে পারে।
- ৪) সংশ্লিষ্ট সকলকে এ নীতি যথাযথ অনুসরণ করে গুণগত মানসম্পন্ন প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

  
(চায়না বানার্জী)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

ফোন : ০২-৯৫৬৭৭৭১।

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ..... (সকল জেলা)।
- ০২। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ..... (সংশ্লিষ্ট জেলা)।
- ০৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ..... (সংশ্লিষ্ট জেলা)।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ..... উপজেলা, ..... জেলা।

অনুলিপি বিতরণ :

- ০১। পরিচালক .....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। দপ্তর নথি।